

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

গেজেট

শনিবার, মার্চ ২৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ/০৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ

এস, আর, ও নং ৯৩-আইন/২০১৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বিসিএস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২০ এর পর নিম্নরূপ বিধি ২০ক সংশোধন করিলেন, যথা :—

“২০ক। স্বাস্থ্য সেবা নিশ্চিতকর্ণে জরুরী নিয়োগ।—(১) এই বিধিমালা বা আপাততঃ বলবৎ অন্য কোনো বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে, জরুরী ভিত্তিতে, নিম্নবর্ণিত পরীক্ষার মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রবেশ পদে এককালীন নিয়োগ প্রদান করিতে পারিবে—

(ক) লিখিত পরীক্ষা (MCQ ধরনের) ২০০ নম্বর

(খ) মৌখিক পরীক্ষা ১০০ নম্বর

সর্বমোট : ৩০০ নম্বর।

(৩৪০৯)

মূল্য : টাকা ৮.০০

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এ উল্লিখিত লিখিত পরীক্ষার বিষয়, নম্বর এবং পরীক্ষা প্রদর্শনের সময় হইবে নিম্নরূপ, যথা :—

ক্রমিক নং	বিষয়	নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)
১।	মেডিকেল সায়েন্স/ডেন্টাল সায়েন্স [প্রযোজ্যতা অনুযায়ী]	১০০	২ (দুই) ঘণ্টা
২।	বাংলা	২০	
৩।	ইংরেজি	২০	
৪।	বাংলাদেশ বিষয়াবলি	২০	
৫।	আন্তর্জাতিক বিষয়াবলি	২০	
৬।	মানসিক দক্ষতা	১০	
৭।	গাণিতিক যুক্তি	১০	
	মোট =	২০০	

(৩) প্রতিটি MCQ প্রশ্নের সঠিক উত্তরের জন্য ১ (এক) নম্বর পাইবেন এবং ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হইবে।

(৪) লিখিত পরীক্ষায় পাশ নম্বর কমিশন কর্তৃক নির্ধারিত হইবে এবং উহার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৫) মৌখিক পরীক্ষার পাশ নম্বর হইবে ৫০ (পঞ্চাশ)।

(৬) উপ-বিধি (১) এ উল্লিখিত নিয়োগের ক্ষেত্রে বয়স, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজনীয় অন্যান্য যোগ্যতা ও শর্তের ক্ষেত্রে এই বিধিমালার অন্যান্য বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৭) লিখিত পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্বেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd